

## **া** কুরআনে কারীম ও সহীহ সুন্নাহর আলোকে গুনাহ্ মাফের আমল

বিভাগ/অধ্যায়ঃ ২. চরিত্রের অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## ২. ৭. কবীরা গুনাহ ও ধ্বংসাত্মক অপরাধ থেকে বিরত থাকা

আল্লাহ আপনার প্রতি রহম করুন, জেনে রাখবেন যে, পরিপূর্ণ মুমিনগণ যাবতীয় কবীরা গুনাহ্ ও অল্লীল কর্মকাণ্ড থেকে বিরত থাকে। আল্লাহ তা'আলা বলেছেন:

﴿ وَلِلَّهِ مَا فِي ٱلسَّمَٰوَٰتِ وَمَا فِي ٱلآَأُرا صِ لِيَجازِيَ ٱلَّذِينَ أَسَّواْ بِمَا عَمِلُواْ وَيَجازِيَ ٱلَّذِينَ أَحاسَنُواْ بِالْكَامُ مَا فِي ٱلسَّمَٰوَٰ وَمَا فِي ٱلآَأَرَةِ وَالْآَلَةُ وَاللَّهُ وَالْآَلَةُ وَاللَّهُ وَاللَّالَالَالِكُولُ وَاللَّهُ وَاللَّاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللَّهُ وَاللّهُ وَاللَّهُ وَاللَّالِمُ وَاللَّهُ وَا اللللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ الللّهُ الللّهُ الللللّهُ ا

"আর আসমানসমূহে যা কিছু আছে ও যমীনে যা কিছু আছে তা আল্লাহরই। যাতে তিনি তাদের কাজের প্রতিফল দিতে পারেন, যারা মন্দ কাজ করে এবং তাদেরকে তিনি উত্তম পুরস্কার দিতে পারেন, যারা সৎকাজ করে; যারা বিরত থাকে গুরুতর পাপ ও অল্লীল কাজ থেকে, ছোটখাট অপরাধ ব্যতীত। নিশ্চয় আপনার রবের ক্ষমা অপরিসীম; তিনি তোমাদের সম্পর্কে সম্যক অবগত---যখন তিনি তোমাদেরকে সৃষ্টি করেছিলেন মাটি হতে এবং যখন তোমরা মাতৃগর্ভে জ্রণরূপে ছিলে। অতএব তোমরা আত্মপ্রশংসা করো না, তিনিই সম্যক জানেন তার সম্পর্কে, যে তাকওয়া অবলম্বন করেছে।"[1]

কিন্তু বান্দা অপরাধে জড়িয়ে যাওয়া থেকে নিজেকে রক্ষা করতে সমর্থ হয় না; আর এ জন্যেই আল্লাহ তা আলা প্রতিশ্রুতি দিয়েছেন এবং তাঁর প্রতিশ্রুতি সত্য; সূতরাং তিনি বলেছেন আর তার বাণী সত্য:

إِن تَجِاتَنِبُواْ كَبَآئِرَ مَا تُناهَهُونَ عَناهُ نُكَفِّرا عَنكُم ﴿ سَيِّاتِكُم ۗ وَنُدا خِلاكُم مُدا خَلا كُرِيمًا "তোমাদেরকে যা নিষেধ করা হয়েছে, তার মধ্যে যা কবীরা গোনাহ্ তা থেকে বিরত থাকলে আমরা তোমাদের ছোট পাপগুলো ক্ষমা করব এবং তোমাদেরকে সম্মানজনক স্থানে প্রবেশ করাব।"[2]এখানে উদ্দেশ্য হলো পাপ মোচন ও গুনাহ্ ক্ষমার বর্ণনা করা, যখন কবীরা গুনাহসমূহ থেকে বিরত থাকা হয় .... আর এখানে এটাই হলো আল্লাহ তা'আলার ওয়াদা এবং মুমিনদের জন্য তাঁর পক্ষ থেকে সুসংবাদ।

## ফুটনোট

- [1] সুরা আন-নাজম, আয়াত: ৩১ ৩২
- [2] সূরা আন-নিসা, আয়াত: ৩১



• Source — https://www.hadithbd.com/books/link/?id=10475

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন